

নিচের কোনটি কম্পিউটারের
ক্যালকুলেটর স্বরূপ?

A ALU ✓

B Accumulator

C Control Unit

D Register Array

A 92% B 7% C 2% D 2%

Solution:

ALU (Arithmetic Logic Unit) হচ্ছে
কম্পিউটারের ক্যালকুলেটর স্বরূপ।
ইহা সকল গাণিতিক (Arithmetic)
এবং সিদ্ধান্ত গ্রহণের (Decision
Making Function) কাজ করে
থাকে। গাণিতিক যুক্তি ইউনিটই মূলত
কম্পিউটারের মস্তিষ্ক হিসেবে কাজ
করে।

বাংলা ভাষায় প্রথম কম্পিউটার
বিষয়ক মাসিক পত্রিকা কোনটি?

A কম্পিউটার জগৎ ✓

B কম্পিউটার জানা

C কম্পিউটার ওয়ার্ল্ড

D টেকনোলোজি ওয়ার্ল্ড

A 95% B 1% C 3% D 1%

Solution:

বাংলাদেশে প্রথম কম্পিউটার বিজ্ঞান
ও প্রযুক্তি বিভাগ চালু হয় ১৯৮৪
সালে, বাংলাদেশ প্রকৌশল
বিশ্ববিদ্যালয়ে। বাংলাদেশ কম্পিউটার
সোসাইটি প্রতিষ্ঠিত হয় ১৯৮৯ সালে
(পেশাজীবী সংগঠন)। বাংলাদেশ
কম্পিউটার কাউন্সিল প্রতিষ্ঠিত হয়
১৯৯০ সালে (সরকারি প্রতিষ্ঠান)।
বাংলা ভাষায় প্রথম কম্পিউটার
বিষয়ক মাসিক পত্রিকা কম্পিউটার
জগৎ ১৯৯১ সালে প্রকাশিত হয়।
দেশের বৃহত্তম টেক ব্লগ 'টেকটিউন্স'।
বাংলাদেশের প্রথম ডিজিটাল
কম্পিউটার পত্রিকার নাম 'আইটি

কোন সিস্টেম ইউনিটে হার্ডডিস্ক ড্রাইভ যুক্ত থাকে?

A সিপিইউ

B মাইক্রোপ্রসেসর

C মাদারবোর্ড ✓

D ইন্টারফেস

A 29% B 8% C 62% D 2%

Solution:

কম্পিউটার সিস্টেমের সকল উপাদান প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যে সর্ববৃহৎ সার্কিটবোর্ডের সাথে যুক্ত থাকে, তাকে মাদারবোর্ড বলা হয়। একে সিস্টেম বোর্ডও বলা হয়। মাদারবোর্ডের মাধ্যমে প্রসেসরের সাথে কম্পিউটারের অন্যান্য উপাদানসমূহ যেমন: মেমোরি ও স্টোরেজ, পাওয়ার সাপ্লাই ইউনিট, হার্ডডিস্ক ড্রাইভ, ডিভিডি ড্রাইভ, ভিডিও কার্ড, সাউন্ড কার্ডসহ অন্যান্য ইনপুট এবং আউটপুট ডিভাইসসমূহ যুক্ত থাকে।

CPU এর সাথে কম্পিউটারের অন্যান্য অংশের সংযোগ স্থাপন করতে ব্যবহৃত হয়-

A এক্সপানশন বাস

B পিসিআই বাস

C ভেসা বাস

D সিস্টেম বাস ✓

A 29% B 9% C 3% D 59%

Solution:

সিস্টেম বাস CPU এর সাথে কম্পিউটারের অন্যান্য অংশের সংযোগ স্থাপন করে। কম্পিউটার বাস বলতে সিস্টেম বাসকেই বোঝায়। এক্সপানশন বাসের সাহায্যে কম্পিউটার ইনপুট/আউটপুট ও অন্যান্য পেরিফেরাল ডিভাইসের সঙ্গে CPU এর সংযোগ স্থাপন করে থাকে। ভেসা বাস এবং পিসিআই বাস দুইটিই এক্সপানশন বাস।

বর্তমানে বাংলাদেশে নিচের কোনটিতে MICR Technology ব্যবহৃত হচ্ছে?

A জাতীয় পরিচয়পত্র

B পাসপোর্ট

C ব্যাংকের চেক বই ✓

D কোনটিই নয়

A 11% B 9% C 78% D 3%

Solution:

বর্তমানে বাংলাদেশে ব্যাংকের চেক বই পড়তে বা চিহ্নিত করতে MICR Technology ব্যবহৃত হচ্ছে। MICR এর পূর্ণ অভিযুক্তি হলো Magnetic Ink Character Recognition.

কম্পিউটারে পাওয়ার সাপ্লাই ইউনিটের কাজ কি?

☒ A AC কারেন্টকে DC কারেন্টে রূপান্তর করা

☐ B DC কারেন্টকে AC কারেন্টে রূপান্তর করা

☐ C বিদ্যুত প্রবাহের ক্ষমতা কমানো

☐ D সাপ্লাই ভোল্টেজ বাড়ানো

☐ A 84% ☐ B 12% ☐ C 0% ☐ D 4%

Solution:

কম্পিউটারের যে ইউনিট অভ্যন্তরীণ ইলেক্ট্রনিক যন্ত্রাংশগুলোতে পাওয়ার অর্থাৎ বিদ্যুৎ সরবরাহ করে তাকে পাওয়ার সাপ্লাই ইউনিট বলে।

পাওয়ার সাপ্লাই ইউনিট ২৪০ ভোল্টের AC কারেন্টকে কম ভোল্টেজের DC কারেন্টে রূপান্তর করে।

কম্পিউটারের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ ক্ষমতা ৪০০-১০০০ ওয়াট এবং ভোল্টেজ ১১০-২২০ ভোল্ট।

পাঞ্চ কার্ড আবিষ্কার করেন কে?

A রেইজ প্যাঙ্কেল

B গটফ্রাইড ভন লিবনিজ

C জন নেপিয়ার

D জোসেফ মেরী জেকার্ড ✓

A 11% B 14% C 6% D 71%

Solution:

পাঞ্চ কার্ড আইবিএম কার্ড বা হোলেরিথ কার্ড (Hollerith card) হলো এক প্রকারের শক্ত কাগজের তৈরি কার্ড, যা এর উপরকার ছিদ্রের উপস্থিতি বা অনুপস্থিতির ভিত্তিতে ডিজিটাল তথ্য প্রকাশ করে। ১৮০১ সালে ফ্রান্সের জোসেফ মেরী জেকার্ড পাঞ্চ কার্ড আবিষ্কার করেন।

বিশ্বের প্রথম পামটপ পিসি তৈরি করে
কোন কোম্পানী?

☐ A HP

☐ B Microsoft

☐ C Intel

☒ D IBM ✓

☐ A 6% ☐ B 10% ☐ C 23% ☐ D 60%

Solution:

হাতের তালুর মধ্যে রেখে কাজ করা যায়, এমন সাইজের কম্পিউটারকে পামটপ কম্পিউটার বলা হয়। পাম শব্দের অর্থ হাতের তালু। এর অপর নাম পকেট পিসি। একে PDA (Personal Digital Assistant) ও বলা হয়। বিশ্বের প্রথম পামটপ কম্পিউটার আটারি পোর্টফোলিও/DIP Pocket PC। এটি ১৯৮৯ সালে IBM তৈরি করে।

কম্পিউটারে যে তারের মধ্য দিয়ে বিট চলাচল করতে পারে তাদের কী বলে?

A ওয়ারিং

B বাস ✓

C বাইনারি ক্যাবল

D বিটপাথ

A 1% B 83% C 7% D 9%

Solution:

কম্পিউটার বাস হচ্ছে এমন একগুচ্ছ তার, যার সাহায্যে কম্পিউটারের অভ্যন্তরের বিভিন্ন অংশ এবং অন্যের সঙ্গে ডিজিটাল সংকেত (0 এবং 1) এর মাধ্যমে যোগাযোগ স্থাপন করে কার্য সম্পাদন করে। বাসের ভিতর দিয়ে প্রতি সেকেন্ডে যতগুলো বিট চলাচল করতে পারে সে সংখ্যাকে বলা হয় বাসের প্রশস্ততা।
উদাহরণস্বরূপ, 4 বিট, 8 বিট বা 16 বিট থেকে 64 বিটের বাস হতে পারে।

এয়ার কন্ডিশনার কোন ধরনের
কম্পিউটারের উদাহরণ?

A এম্বেডেড কম্পিউটার ✓

B হাইব্রিড কম্পিউটার

C মেইনফ্রেম কম্পিউটার

D এনালগ কম্পিউটার

A 84% B 10% C 3% D 3%

Solution:

এম্বেডেড কম্পিউটার এমন একটি
বিশেষায়িত কম্পিউটার সিস্টেম - যা
একটি বৃহৎ সিস্টেম বা মেশিনের
অংশবিশেষ হিসেবে ব্যবহৃত হয়। এর
বিশেষত্ব হলো এটির ভিতরে কিছু
সুনির্দিষ্ট প্রোগ্রাম স্থায়ীভাবে দেওয়া
থাকে, ব্যবহারকারী এই ধরনের
প্রোগ্রামের পরিবর্তন আনতে পারে না
তাই এটি প্রচলিত কম্পিউটার থেকে
আলাদা। যেমন: ব্যাংকিং কার্যক্রমে
ব্যবহৃত ATM (Automated Teller
Machine), এয়ার কন্ডিশনার, TV,
DVD, মাইক্রোওয়েভ ওভেন,
ভিসিআর, গাড়ি, ফটোকপি মেশিন,
ওয়াশিং মেশিন ইত্যাদি ডিজিটাল

লেখা বা টেক্সট ইমেজ কোন ধরনের মাল্টিমিডিয়ায় উদাহরণ?

☒ A ডিস্ক্রিট মিডিয়া

☐ B ভিরেস্ত মিডিয়া

☐ C অলটারনেটিভ মিডিয়া

☐ D কোনটিই নয়

A 51% B 28% C 15% D 7%

Solution:

যেসব মাল্টিমিডিয়া সময়ের উপর নির্ভরশীল নয় তাদেরকে নন-লিনিয়ার মাল্টিমিডিয়া বলে। নন-লিনিয়ার মাল্টিমিডিয়াকে ডিস্ক্রিট মিডিয়াও বলা হয়। নন-লিনিয়ার মাল্টিমিডিয়া পর্যায়ক্রমিক না হয়ে তাৎক্ষণিকভাবে পরিবর্তনশীল হয়ে থাকে। যেমন: লেখা বা টেক্সট ইমেজ ইত্যাদি। নন-লিনিয়ার মাল্টিমিডিয়া দুই প্রকার।

পৃথিবীর প্রথম বাণিজ্যিকভাবে
মাইক্রোপ্রসেসর নির্মাণ করে কোন
কোম্পানি?

A General Electric

B IBM

C বেল ল্যাবরেটরি

D ইনটেল ✓

A 0% B 13% C 12% D 77%

Solution:

মাইক্রোপ্রসেসর হলো সিলিকনের
তৈরি অত্যন্ত ছোট আকৃতির যন্ত্রাংশ
যা অসংখ্য ইন্টিগ্রেটেড সার্কিট (IC)
দ্বারা কম্পিউটারে ডেটা প্রসেসিং এর
কাজ করে। এই IC গুলো তৈরি হয়
ট্রানজিস্টর, ডায়োড, রেজিস্টার,
ক্যাপাসিটর ইত্যাদি দিয়ে। প্রথম
বাণিজ্যিকভাবে প্রসেসর তৈরী করে
ইনটেল কোম্পানি যার নাম ছিলো
intel-4004। এতে ট্রানজিস্টরের
সংখ্যা ছিল মাত্র ২৩০০টি।

কম্পিউটার এর মাদারবোর্ড মূলত
একটি-

A সলিড স্টেট ড্রাইভ

B ম্যাগনেটিক ডিভাইস

C সেমিকন্ডাক্টর

D প্রিন্টেড সার্কিট বোর্ড ✓

A 4% B 4% C 26% D 68%

Solution:

কম্পিউটার সিস্টেমের সকল উপাদান প্রত্যক্ষ বা পরোক্ষভাবে যে সর্ববৃহৎ সার্কিটবোর্ডের সাথে যুক্ত থাকে, তাকে মাদারবোর্ড বলা হয়। মাদারবোর্ড মূলত একটি প্রিন্টেড সার্কিট বোর্ড বা PCB, যাতে বিভিন্ন ধরনের কানেক্টর এবং এক্সপানশন পোর্ট থাকে।

মাদারবোর্ডের মাধ্যমে প্রসেসরের সাথে কম্পিউটারের অন্যান্য

উপাদানসমূহ যেমন- মেমোরি ও

স্টোরেজ, পাওয়ার সাপ্লাই ইউনিট,

হার্ডডিস্ক ড্রাইভ, ডিভিডি ড্রাইভ,

ভিডিও কার্ড, সাউন্ড কার্ডসহ অন্যান্য

ইনপুট এবং আউটপুট ডিভাইসসমূহ

নিচের কোনটি চতুর্থ প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য?

A কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার

B VLSI এর ব্যবহার ✓

C মাউসের ব্যবহার শুরু

D চুম্বকীয় কোর মেমোরির ব্যবহার

A 12% B 83% C 0% D 5%

Solution:

১৯৭১ থেকে ১৯৮০ পর্যন্ত স্থায়ী চতুর্থ প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য ছিলো VLSI বা Very Large Scale Integration. চিপের ব্যাপক ব্যবহার ও অভাবনীয় উন্নয়ন এবং বিকাশ সাধন।

PDP-8 কা?

- A প্রথম ল্যাপটপ
- B প্রথম ট্রানজিস্টর ভিত্তিক কম্পিউটার
- C একটি প্রোগ্রামিং ভাষা

D প্রথম মিনি কম্পিউটার ✓

A 1% B 46% C 1% D 55%

Solution:

মেইনফ্রেম কম্পিউটারের চেয়ে ছোট আকারের কিন্তু পার্সোনাল কম্পিউটারের চেয়ে বড় আকারের কম্পিউটারকে মিনি কম্পিউটার বা মধ্যম সারির কম্পিউটার বলা হয়। মিনি কম্পিউটারের অপর নাম মিনিফ্রেম কম্পিউটার। মেইনফ্রেম এবং মিনি কম্পিউটারে একই ধরনের কাজ করা যায়। মিনি কম্পিউটার আকারে ছোট এবং কাজের ক্ষমতাও কম। ১৯৬৫ সালে DEC কোম্পানি বিশ্বের প্রথম মিনি কম্পিউটার PDP-8 তৈরী করে।

কোনটি CISC প্রসেসরের উদাহরণ?

A IBM Blue Lighting

B Intel Pentium

C AMD Athlon

D All of them ✓

A

9%

B

24%

C

4%

D

63%

Solution:

CISC (Complex Instruction Set Computer) প্রসেসরে

তুলনামূলকভাবে জটিল ইনস্ট্রাকশন ব্যবহার করা হয়। এসেম্বলি ভাষায় প্রোগ্রামিং এর জন্য এটি বেশি জরুরি। উদাহরণ: Intel Pentium, IBM-Blue Lighting, AMD-Athlon ইত্যাদি।

USB এর পূর্ণরূপ-

☐ A Uniterupted Strategic Bus

☒ B Universal Serial Bus ✓

☐ C Unified Serial Bus

☐ D Unit Strategic Bus

☐ A 2% ☐ B 93% ☐ C 3% ☐ D 2%

Solution:

কম্পিউটারে যেসকল সংযোগ মুখ বা পয়েন্ট দ্বারা কম্পিউটারের সেন্ট্রাল প্রসেসিং ইউনিটের সাথে বিভিন্ন ইনপুট-আউটপুট পেরিফেরাল ডিভাইসের সংযোগ করা হয় তাদের কম্পিউটার পোর্ট বলে। USB or Universal Serial Bus হলো বহুল ব্যবহৃত একটি পোর্ট। ইনটেল সর্বপ্রথম ১৯৯৮ সালে USB তৈরি করে। কী-বোর্ড, মাউস, প্রিন্টার, স্ক্যানার, হার্ডডিস্ক, ফ্লপি ডিস্ক ইত্যাদি কম্পিউটারের সাথে সংযুক্ত করতে এ বাস ব্যবহৃত হয়।

কোয়ান্টাম কম্পিউটারের তথ্যের
একক কী?

A বাইট

B ডিপিআই

C কিউবিট ✓

D বিট

A 16% B 9% C 45% D 34%

Solution:

এখনকার কম্পিউটার চলে বিটের হিসাবে। কিন্তু কোয়ান্টাম কম্পিউটার চলবে কিউবিটের হিসাবে। কোয়ান্টাম কম্পিউটারে তথ্যের একক হলো 'কিউবিট'। কোয়ান্টাম কম্পিউটার ০-১ এর সহাবস্থানের মাধ্যমে একসঙ্গে বহু তথ্য সংরক্ষণে একে সক্ষম করে তোলে। এটি এর শক্তিকে দ্বিগুণ নয়, বহুগুণ করবে। কারণ, এই শক্তি জ্যামিতিক হারে বাড়ে। যেমন দুই কিউবিটে যদি চারটি সংখ্যা সংরক্ষণ করা যায়, তবে তিন

বিশ্বের প্রথম যান্ত্রিক ক্যালকুলেটর কোনটি?

A প্যাস্কালেন

B মার্ক-1

C টমাস এরিথোমিটার

D স্টেপড রেকোনার ✓

A 31% B 28% C 21% D 22%

Solution:

১৬৭১ সালে জার্মানি গণিতবিদ গটফ্রাইড ভন লিবনিজ সিলিন্ডার আকৃতিবিশিষ্ট গিয়ার ব্যবহার করে একটি যান্ত্রিক ক্যালকুলেটর তৈরি করেন। এটি বিশ্বের প্রথম যান্ত্রিক ক্যালকুলেটর। স্টেপড রেকোনার নামে পরিচিত এই হিসাবযন্ত্রটির সাহায্যে পৌনঃপুনিক যোগ, গুণ এবং ভাগ করা যেত।

নিচের কোনটি সুপার কম্পিউটার নয়?

☒ A Tianhe-1

☐ B CYBER-170

☐ C CRAY-1

☐ D Summit

A 15% B 39% C 33% D 12%

Solution:

সুপার কম্পিউটার অত্যন্ত শক্তিশালী ও দ্রুত গতিতে কাজ করতে সক্ষম। ১৯৬০ সালের দিকে কন্ট্রোল ডেটা কর্পোরেশন (CDC) -এর সেইমার ক্রে সর্বপ্রথম সুপার কম্পিউটার ডিজাইন করেন। বৈজ্ঞানিক গবেষণা, জঙ্গী বিমান, ক্ষেপণাস্ত্র নিয়ন্ত্রণ, মহাকাশ গবেষণা ইত্যাদি কাজে সুপার কম্পিউটার ব্যবহার করা হয়। কয়েকটি সুপার কম্পিউটারের উদাহরণ হলো: CRAY-1, CRAY X - MP, CYBER - 205, Summit, Tianhe-1, দ্যা সানওয়ে তাইহুলাইট ইত্যাদি। CYBER-170 হলো একটি মেইনফ্রেম কম্পিউটার।

জন নেপিয়ার যা আবিষ্কার করার
জন্য বিখ্যাত-

A লগারিদম ✓

B স্লাইড রুল

C অ্যাবাকাস

D যান্ত্রিক ক্যালকুলেটর

A 71% B 12% C 9% D 9%

Solution:

১৬১৪ সালে স্কটিশ গণিতবিদ জন নেপিয়ার লগারিদম উদ্ভাবন করেন। লগারিদম ভিত্তিক হিসাব কাজের জন্য নেপিয়ার যে সংখ্যা চিহ্নিত দণ্ডগুলো ব্যবহার করেছিলেন সেগুলো নেপিয়ারের অস্থি বা দণ্ড নামে পরিচিত। এর সাহায্যে খুব সহজেই গুণ, ভাগ, বর্গমূল, ঘনমূল ইত্যাদি সম্পন্ন করা যেত।

ইন্টারনেটের মাধ্যমে ব্যবসা পরিচালনা
করাকে কী বলে?

A ই-গভর্নেন্স

B ই-কমার্স ✓

C ই-মেইল

D ই-ট্রেড

A 1% B 97% C 1% D 4%

Solution:

ইলেক্ট্রনিক নেটওয়ার্ক, বিশেষ করে
ইন্টারনেট ব্যবহার করে পণ্য ক্রয়-
বিক্রয়, অর্থ লেনদেন ও ডাটা আদান-
প্রদানই হচ্ছে ই-কমার্স বা ই-বাণিজ্য।
ই-মেইল, ফ্যাক্স, অনলাইন ক্যাটালগ,
ইলেক্ট্রনিক ডাটা ইন্টারচেঞ্জ
(ইডিআই), ওয়েব বা অনলাইন
সার্ভিসেস ইত্যাদির মাধ্যমে এই
প্রক্রিয়া সম্পন্ন করা হয়।

বাংলাদেশের প্রথম কম্পিউটার স্থাপন করা হয় কোন দশকে?

A আশির দশকে

B ষাটের দশকে ✓

C সত্তরের দশকে

D পঞ্চাশের দশকে

A 21% B 44% C 33% D 3%

Solution:

বাংলাদেশের প্রথম কম্পিউটার স্থাপিত হয় ১৯৬৪ সালে পাকিস্তান পরমাণু গবেষণা কেন্দ্র ঢাকায়। এটি ছিল IBM কোম্পানির 1620 সিরিজের তৃতীয় প্রজন্মের একটি মাইনফ্রেম কম্পিউটার। পরমাণু গবেষণা কেন্দ্রের বিজ্ঞানীরা কম্পিউটারটি ৮০ এর দশক পর্যন্ত সফলভাবে ব্যবহার করে। বর্তমানে এই কম্পিউটারটি ঢাকার আগারগাঁও বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরে সংরক্ষিত আছে।

কম্পিউটারে বাসের প্রশস্ততা মাপা হয়-

A বাইটে

B ইঞ্চিতে

C মেগাবাইটে

D বিটে ✓

A 18% B 2% C 27% D 57%

Solution:

বাসের উইডথ বলতে বাসের ভিতর একই সময় কতগুলো বিট চলাচল করতে পারে তা বুঝানো হয়। যেমন: ১৬ বিট বাস অর্থ বাসের ভিতর দিয়ে ১৬ বিট একসাথে চলাচল করতে পারবে। বাসের উইডথ বা প্রশস্ততা যত বেশি হবে তত বেশি বিট একসাথে চলাচল করতে পারবে।

দ্রুতগতিসম্পন্ন লাইন প্রিন্টার এর ব্যবহার কোন প্রজন্মের কম্পিউটার থেকে শুরু হয়?

A চতুর্থ

B দ্বিতীয়

C তৃতীয় ✓

D পঞ্চম

A 42% B 10% C 42% D 6%

Solution:

১৯৬৫ থেকে ১৯৭১ সাল পর্যন্ত কম্পিউটারের তৃতীয় প্রজন্ম স্থায়ী ছিলো। সেমিকন্ডাক্টর (অর্ধপরিবাহী) মেমোরি এবং ইন্টিগ্রেটেড সার্কিট (IC) বা সমন্বিত সার্কিটের ব্যবহার এ প্রজন্মের কম্পিউটারের প্রধান বৈশিষ্ট্য। এছাড়াও ভিডিও ডিসপ্লে ইউনিট এবং দ্রুতগতিসম্পন্ন লাইন প্রিন্টার ইত্যাদি আউটপুট ডিভাইস প্রচলন এই প্রজন্মের কম্পিউটারেই হয়।

আইসি ভিত্তিক সর্বপ্রথম কম্পিউটার কোনটি?

A TX-0

B PDP-8

C B2500 ✓

D B1600

A

18%

B

26%

C

48%

D

8%

Solution:

TX-0 ট্রানজিস্টর ভিত্তিক প্রথম কম্পিউটার।

PDP-8 ট্রানজিস্টর ভিত্তিক প্রথম মিনি কম্পিউটার।

B2500 এবং B3500 → ইন্টিগ্রেটেড সার্কিটভিত্তিক প্রথম কম্পিউটার।

নিচের কোনটি ডেস্কটপ কম্পিউটারের তুলনায় ল্যাপটপ কম্পিউটারের সুবিধা নির্দেশ করে?

A সহজে বহনযোগ্য

B কম স্থান গ্রহণকারী

C বিদ্যুৎ সাশ্রয়ী

D উপরের সবগুলো ✓

A 6% B 1% C 4% D 90%

Solution:

ডেস্কটপ কম্পিউটার অপেক্ষা ক্ষুদ্র কম্পিউটারগুলো ল্যাপটপ নামে পরিচিত। বিল মোগারিজ সর্বপ্রথম ল্যাপটপের নকশা অংকন করে। ১৯৮১ সালে এপসন কোম্পানি 'এপসন এইচএক্স-২০' নামের প্রথম ল্যাপটপ তৈরি করে। এটি ডেস্কটপের চেয়ে সহজে বহনযোগ্য, কম স্থান গ্রহণকারী এবং বিদ্যুৎ সাশ্রয়ী।

কম্পিউটারে ভারী কাজের জন্য ব্যবহৃত হয় কোন ধরনের মাদারবোর্ড?

☐ A Professional Motherboard

☐ B Consumer Motherboard

☒ C Workstation Motherboard ✓

☐ D Heavy-duty Motherboard

A 10% B 6% C 62% D 23%

Solution:

কম্পিউটারে প্রচুর প্রসেসিং পাওয়ার ব্যবহৃত হয় এমন ভারী কাজ, যেমন- রেন্ডারিং, থ্রিডি মডেলিং, ভিজুয়াল ইফেক্টস, পোস্ট প্রসেসিং ইত্যাদি কাজে Workstation Motherboard ব্যবহার করা হয়।

ইনপুট এনালগ প্রকৃতির এবং
আউটপুট ডিজিটাল প্রকৃতির কোন
কম্পিউটারের বৈশিষ্ট্য?

A এনালগ কম্পিউটার

B হাইব্রিড কম্পিউটার ✓

C মাইক্রো কম্পিউটার

D ডিজিটাল কম্পিউটার

A 4%

B 89%

C 5%

D 4%

Solution:

হাইব্রিড কম্পিউটার হচ্ছে এনালগ এবং ডিজিটাল উভয় পদ্ধতির সমন্বয়। এই ধরনের কম্পিউটারের ইনপুট এনালগ প্রকৃতির এবং আউটপুট ডিজিটাল প্রকৃতির হয়। যেমন, ডিজিটাল ওজন মাপার যন্ত্রে কোন কিছুর ওজন এনালগ ইনপুট আকারে নেওয়া হয় এবং ওজন ডিজিটালি প্রদর্শন করে অর্থাৎ ডিজিটাল আউটপুট দেয়। তাই এটিকে হাইব্রিড কম্পিউটার বলা যায়।

ট্রানজিস্টর আবিষ্কারের সাথে জড়িত
ছিলেন না-

A জন বারডিন

B জ্যাক কেলবি ✓

C ওয়াল্টার ব্রাট্টইন

D উইলিয়াম শকলে

A 9% B 70% C 17% D 4%

Solution:

দুটি অর্ধপরিবাহী ডায়োডকে পাশাপাশি যুক্ত করে একটি অর্ধপরিবাহী ট্রায়োড তৈরি করা হয়। একে ট্রানজিস্টর বলে। আমেরিকার বেল ল্যাবরেটরিতে ১৯৪৭ সালে জন বারডিন, উইলিয়াম শকলে এবং ওয়াল্টার ব্রাট্টইন ট্রানজিস্টর উদ্ভাবন করেন। ট্রানজিস্টর আবিষ্কারের মধ্য দিয়ে ইলেকট্রনিক্স বিপ্লব শুরু হয়। অন্যদিকে জ্যাক কেলবি Transistor, Resistor এবং Capacitor সমন্বিত করে একটি সার্কিট তৈরি করেন যা Integrated Circuit বা IC নামে পরিচিতি লাভ করে।